



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২৮, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
অবা-১ শাখা
আদেশ

তারিখ: ১৪ বৈশাখ ১৪১১/২৭ এপ্রিল ২০০৮

এস, আর, ও নং ১১১-আইন/২০০৮।—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3 এর sub-section(1)-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, আমদানি নীতি আদেশ, ২০০৩-২০০৬ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত আদেশের পরিশিষ্ট-১ এর নিয়ন্ত্রিত পণ্যের তালিকা শিরোনামাধীন-এর কলাম-১-এর উল্লেখিত এইচএস হেডিং নম্বর ৮৭.০১ হইতে ৮৭.০৪ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লেখিত এন্টিসমূহের পর নিম্নরূপ নূতন এইচএস হেডিং নম্বর এবং তদবিপরীতে এন্টিসমূহ সন্নিবেশিত হইবে, যথা :-

“৮৭.০৮ সকল এইচএস কোড নিম্ন উল্লিখিত মোটরযানের ব্যবহৃত যন্ত্রাংশ শর্তসাপেক্ষে আমদানি করা যাইবে, যথা :-

নামান সনুচাল (ক) (৫-সীলসেট) নবীক-৮৩

(ক) বডি যন্ত্রাংশ

- ১। বাম্পার;
- ২। ফ্রন্ট গ্রীল;
- ৩। মনোগ্রাম;
- ৪। উইন্ড শীল্ড/উইন্ড শীল্ড গ্রাস;
- ৫। মিরর;
- ৬। রেডিয়েটর;
- ৭। লাইট/লেস;
- ৮। ডেশ বোর্ড।

১। কপি কর্তৃক আরও প্রতিলিপিত হইবে।

(২৪৭৭)

মূল্য : টাকা ১.০০

(খ) আন্ডার টেরেন যন্ত্রাংশ

১। পাওয়ার স্টিয়ারিং এসেসম্বলী

শর্তসমূহ :

- (১) রিকভিশন্ড মোটরযান আমদানিকারক, মোটরযান রিপেয়ারিং সার্ভিস ইন্ডাস্ট্রি এবং পোষক কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত শিল্প প্রতিষ্ঠান উহার আমদানি স্বত্ব অনুসারে উপরি-উল্লিখিত ব্যবহৃত যন্ত্রাংশ আমদানি করিতে পারিবে।
- (২) উপরি-উল্লিখিত যন্ত্রাংশসমূহ আমদানির ক্ষেত্রে উহাদের গুণগতমান নিশ্চিত হইবার জন্য আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্ভেয়ার কর্তৃক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন করিতে হইবে।
- (৩) বিক্রিত অথবা সংযোজিত যন্ত্রাংশের জন্য বিক্রেতা অথবা সংযোজনকারীকে কমপক্ষে ১ (এক) বছরের লিখিত গ্যারান্টি প্রদান করিতে হইবে।
- (৪) সংশ্লিষ্ট রেজিস্টার্ড ট্রেড বডি'র সনদ পত্রসহ সার্ভিস প্রোভাইডার-এর কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
- (৫) আমদানি সময়ের পূর্ববর্তী ৩ (তিন) বছরের আয়কর প্রদানের সনদপত্র দাখিল করিতে হইবে।"

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুস সামাদ

উপ-সচিব (আইআইটি-২)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।